# 📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৭৫

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفصْلُ الثَّنِفْ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَا يَنْتَظِرُ أَحَدُكُمْ إِلَّا غِنًى مُطْغِيًا أَوْ فَقْرًا مُنْسِيًا أَوْ مَرَضًا مُفْسِدًا أَوْ هَرَمًا مُفَنِّدًا أَوْ مَوْتًا مُجْهِزًا أَوِ الدَّجَّالَ فَالدَّجَّالُ شَرُّ غَائِبٌ يُنْتَظَرُ أَوِ السَّاعَةَ وَالسَّاعَةُ أَدْهَى وَأَمَرُّ» رَوَاهُ التِّرْمِذِيّ وَالنَّسَائِيّ

اسناده ضعيف جذا ، رواه الترمذى (2306 وقال : غريب حسن) و النسائى (لم اجده) * محرز بن هارون : متروک ضعفه الجمهور ۔
(ضَعِيف)

বাংলা

৫১৭৫-[২১] আবু হুরায়রাহ্ (রা.) নবী (সা.) হতে বর্ণনা করেন, তিনি (সা.) বলেছেন: তোমাদের অনেকে কেবল এমন সচ্ছল হওয়ার অপেক্ষায় রয়েছে যা পাপাচারে লিপ্ত করবে অথবা এমন দরিদ্রতার যা আল্লাহকে ভুলিয়ে দেবে। অথবা এমন ব্যাধির যা ধ্বংসকারী হবে। অথবা এমন বার্ধক্যের যা বিবেকশূন্য করে ফেলবে অথবা মৃত্যুর যা অতর্কিতে আগমন করবে অথবা দাজ্জালের; আর দাজ্জাল তো সবচাইতে অদৃশ্য বিষয়ের মধ্যে সর্বাপেক্ষা মন্দ অথবা কিয়ামতের, অথচ কিয়ামত হলো অত্যন্ত কঠিন ও তিতার ন্যায়। (তিরমিযী ও নাসায়ী)

ফুটনোট

যঈফ : তিরমিযী ২৩০৬, যঈফাহ্ ১৬৬৬, য'ঈফুল জামি ২৩১৫; বর্ণনাকারী মিহবায ইবনু হারূন-এর ব্যাপারে বুখারী (রহিমাহুল্লাহ) বলেন, মুনকারুল হাদীস, য'ঈফাহ্ ১৬৬৬, আবু ইয়া'লা ৬৫৪২, শুআবুল ঈমান ১০৫৭৩, আল মু'জামুল কাবীর লিত্ব বারানী ৭৭৪, আল মু'জামুল আওসাত্ব ৩৯৪৫, আল মুসতাদরাক লিল হাকিম ৭৯০৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (قَالَبَادِرُوابِالْأَعْمالِسَبْعً) অর্থাৎ বিভিন্ন প্রকার ফিতনায় জর্জরিত হওয়ার আগেই বেশি বেশি সৎ ‘আমাল করতে হোক। বিশেষ করে উল্লেখিত সাতটি ফিতনাহ্ (বিপদ) দেখা দেয়ার আগেই। কারণ এগুলোর কোন একটি যখন আক্রমণ করে ফেলবে তখন সৎ ‘আমাল করা দুঃসাধ্য হয়ে পড়বে।

(مُنْسِ)শব্দটি আরবী ব্যাকরণে (باب الإفعل)অথবা (التفعيل)থেকে গ্রহণ করা হয়েছে। এর অর্থ হলো, এমন দারিদ্রতা যা কোন ব্যক্তিকে অস্থির করে ফেলে। ফলে সে অভাব আর ক্ষুধার তাড়নায় ‘ইবাদত বন্দেগীর কথা ভুলে যায়।

(مَوْتًا مُجْهِزًا) দ্রুত আগমনকারী মৃত্যু। অর্থাৎ হঠাৎ মৃত্যু যা অসুস্থতা অথবা বৃদ্ধ হবার কারণে ঘটে । বরং হত্যা, পানিতে ডুবে মৃত্যু অথবা ধ্বংস স্তুপের নীচে পরে মৃত্যু ইত্যাদি যা মানুষের ধারণার বাহিরে রয়েছে।

(وَالسَّاعَةُ أَدْهَى وَأَمَرُّ) কিয়ামত অধিক আতঙ্ক, কঠিন ও তিক্তের। অর্থাৎ যে ব্যক্তি কিয়ামত সম্পর্কে গাফেল এবং সেজন্য কোন প্রকার প্রস্তুতি গ্রহণ না করে অলস জীবন কাটায় কিয়ামত তার জন্য সর্বাধিক আতঙ্ক ও তিক্তের বস্তু। (তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, হা. ২৩০৬, মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85155

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন